

১৫ জুলাই ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

নারী ও শিশুর প্রতি যৌন নিপীড়নের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তুলুন

সাম্প্রতিক সময়ে নারী ও শিশুর প্রতি সংঘটিত যৌন নিপীড়নের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ আন্দোলন গড়ে তোলার জোর দাবি জানিয়েছে নারী অধিকার বিষয়ক সংগঠন নারী যোগাযোগ কেন্দ্র।

বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত তনু, নুসরাত, সায়মাসহ অসংখ্য নারী ও শিশুর প্রতি যৌন নিপীড়ন, ধর্ষণ ও হত্যার ঘটনাসমূহ প্রমাণ করে যে নাগরিকদের নিরাপত্তা আজ হুমকীর সম্মুখীন। সকল নাগরিকের নিরাপত্তা নিশ্চিত করা রাষ্ট্রের অন্যতম গুরুত্বপূর্ণ দায়িত্ব। কোনো নারী ও শিশুর প্রতি যৌন নিপীড়ন, ধর্ষণ ও হত্যার উদ্দেশ্যে আঙুনে পোড়ানো, গুরুতর জখম, হত্যা তাদের সাংবিধানিক অধিকারের লংঘন এবং দণ্ডবিধি বা পেনাল কোড ১৮৬০; নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী ২০০৩) অনুযায়ী ও দেশের প্রচলিত অন্যান্য আইন অনুযায়ী দণ্ডনীয় ও শাস্তিযোগ্য গুরুতর অপরাধ।

নির্যাতনের এইসকল ঘটনায় নারী যোগাযোগ কেন্দ্র গভীর উদ্বেগ প্রকাশ করেছে এবং সুষ্ঠু তদন্তসহ অভিযুক্ত ও সংশ্লিষ্ট দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে দ্রুত বিচার ও যথাযথ শাস্তি প্রদানের জোর দাবি জানাচ্ছে। পাশাপাশি ভবিষ্যতে এ ধরনের ঘটনা যেন আর না ঘটে সে ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের যথাযথ ব্যবস্থা গ্রহণের জোর দাবী জানিয়ে আসাদগেট এলাকায় মানববন্ধনের আয়োজন করে দেশব্যাপি নারী ও শিশুদের অধিকার সুরক্ষায় কর্মরত সংগঠন নারী যোগাযোগ কেন্দ্র। মানববন্ধনে বক্তব্য রাখেন নারী যোগাযোগ কেন্দ্রের কেন্দ্রীয় সমন্বয়কারী সুলতানা বেগম, ঠাকুরগাঁও জেলা সমন্বয়ক মৌসুমী রহমান, চট্টগ্রাম সমন্বয়ক লাভণ্য মুৎসুদ্দী ও রিপা পালিত, বান্দরবান সমন্বয়ক পারমিতা চাকমা, সাভার সমন্বয়ক মুনیرা আক্তার, নীলফামারী সমন্বয়ক সালমা আক্তার, আইনজীবী হাসিনা খানম, মানবাধিকারকর্মী মারুফিয়া নূর শিফা এবং মানবাধিকারকর্মী শাহরিয়ার পারভীন প্রমুখ।

বার্তা প্রেরক

আসমা উল হোসনা, কমিউনিকেশনস স্পেশালিস্ট, ব্লাস্ট

মোবাইল নং: ০১৭১২ ১৪৬ ৯৪২

ইমেইল: asma@blast.org.bd

নারী যোগাযোগ কেন্দ্র

